যুগান্তর

তারিখ 15 AUG 2008
পৃঃ 2 কলাম ৫

# ২২ আগস্ট রাজধানীর শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষা সাংস্কৃতিক উৎসব শুরু

যুগান্তর রিপোর্ট

ঢাকা মহানগরীর স্কুল-কলেজগুলোকে নিয়ে শুরু হচ্ছে শিক্ষা ও সাংস্কৃতিক মিলনমেলা। নটর ডেম ও ভিকারুননিসা নূন কলেজসহ ঢাকার সেরা শিক্ষা প্রতিষ্ঠানগুলোর ক্যাম্পাসে অনুষ্ঠেয় নয় দিনব্যাপী ওই উৎসবটি মহানগরীর ইতিহাসে এ যাবৎকালের সর্ববৃহৎ আয়োজন। 'শিক্ষার মানোন্নয়নে সম্মিলিত প্রচেষ্টা' শীর্ষক এই কো-কারিকুলামভিত্তিক উৎসবে শিক্ষা ও সংস্কৃতি বিষয়ের মোট ১৩টি শাখায় অর্ধশতাধিক ইভেন্টে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

নটর ডেম কলেজের অধ্যক্ষ ফাদার বেঞ্জামিন ডি কস্তা জানান, কিশোর-কিশোরীদের সুকুমারবৃত্তি চর্চা, সুপ্ত মেধা প্রস্ফুটিত এবং শিক্ষার্থীদের সাংস্কৃতিক ও সামাজিক বন্ধন দৃঢ় করার লক্ষ্যেই এই মিলনমেলার আয়োজন করা হয়েছে।

আগামী ২২ আগস্ট নটর ডেম কলেজ ক্যাম্পাসে বিজ্ঞান প্রকল্প প্রদর্শনীর মাধ্যমে শুরু হবে উৎসবের। ওইদিন স্কুল ও কলেজ উভয় শাখা অংশ নিতে পারবে। পরের দিনও বিজ্ঞান প্রকল্প প্রদর্শনীর পাশাপাশি ইংরেজি বানান প্রতিযোগিতা হবে।

২৪ আগস্ট বাংলা-ইংরেজি উপস্থিত বক্তৃতা, তাৎক্ষণিক গল্প লেখা, ২৫ আগস্ট নির্ধারিত কবিতা আবৃত্তি, কাঠামোবদ্ধ প্রশ্নপত্র নিয়ে সেমিনার, ২৬ আগস্ট সঙ্গীত, নৃত্য ও বিতর্ক প্রতিযোগিতা, ২৭ আগস্ট গণসংগীত, স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের গানসহ অন্যান্য সঙ্গীত ও একাংকিকা, ২৮ আগস্ট গণিত ও বিজ্ঞান অলিম্পিয়াড, ২৯ আগস্ট সাধারণ জ্ঞান, হাতের লেখা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং ৩০ আগস্ট পুরস্কার বিতরণীর মাধ্যমে উৎসবের সমাপ্তি